মেহেরপুরে বিএনপি’র দোয়া মাহফিল ও মিছিল

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র চেয়ারপারসন ও সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া মাহফিল ও মিছিল করেছে পৌর, সদর ও উপজেলা বিএনপি।

শনিবার (১১ জানুয়ারি) সকাল সাড়ে ১১ দিকে বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নেতৃত্বে পৌর কমিউনিটি সেন্টারের সামনে বেগম খালেদা জিয়ার সুস্থতা কামনায় দোয়া মাহফিল শেষে একটি মিছিল বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে কলেজ মোড় এলাকায় গিয়ে শেষ হয়।

এ সময় উপস্থিত ছিলেন জেলা বিএনপি’র আহবায়ক কমিটির যুগ্ম আহবায়ক ও পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সভাপতি এ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, মুজিবনগর উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক আব্দুর রশিদ, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, জেলা স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক আহমেদ রাজিব খান, ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসনাত আফরোজ সহ মেহেরপুর বিএনপির অঙ্গ সংগঠনের নেতৃবৃন্দ।

মেহেরপুরে পল্লী বিদ্যুৎ নিয়োগ পরীক্ষায় ৮ জনের কারাদণ্ড

অসৎ উপায়ে পল্লী বিদ্যুতের মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (এমআরসিএম) পদে নিয়োগ পরিক্ষায় প্রক্সি দিতে এসে ৮ জনের ঠাই হলো শ্রীঘরে। ভ্রাম্যমান আদালতের বিচারক তাদের তিন দিনের কারাদন্ডাদেশ দিয়ে পাঠিয়ে দিলেন জেল হাজতে।

দন্ডিতরা হলেন, দিনাজপুর জেলার পিরগঞ্জ উপজেলার ধুনোট গ্রামের গিরিশ চন্দ্র রায়ের ছেলে খগেন চন্দ্র রায়, একই জেলার বীরগঞ্জ উপজেলার ব্রাম্মনভিটা গ্রামের মোটা বাবুর ছেলে শ্যামল চন্দ্র বিশ্বাস, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ জেলার ধুবনী বাজার এলাকার নুরুন্নবীর ছেলে নুর মওলা, ঝিনাইদহ জেলার সদর উপজেলার পবহাটি পাড়া গ্রামের দিলীপ দেবনাথের ছেলে দিবস দেবনাথ, রংপুর জেলার মিঠাপুকুর উপজেলার গুজুক গ্রামের মৃত মুন্নার ছেলে রফিকুল ইসলাম, শেরপুর জেলার সদর উপজেলার টাঙ্গারিপাড়া গ্রামের নাজিমুদ্দীনের ছেলে গোলজার হোসেন, নিলফামারী জেলার জলঢাকা দক্ষিণ বাগুনাপাড়া গ্রামের নুরুল হকের আরিফুল ইসলাম ও শেরপুর জেলা সদরের খানুয়াচারপাড়া গ্রামের ইয়াকুব আলীর ছেলে রাকিবুল হাসান সজীব।

গতকাল শুক্রবার দুপুরের দিকে জেলা প্রশাসক কার্যালয় চত্তরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে তাদের প্রত্যেককে তিন দিন বিনাশ্রম কারাদন্ড প্রদান করেন জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট তানজিনা শারমিন দৃষ্টি।

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট তানজিনা শারমিন দৃষ্টি বলেন, অসৎ উপায়ে অন্যের হয়ে মেহেরপুর পল্লী বিদ্যুৎ সমিতির এমআরসিএম পরীক্ষা দেওয়ার অপরাধে দঃবিঃ ১৮৬০ সালের ১৮৮ ধারার অপরাধে দোষি সাব্যস্ত করে মোবাইল কোর্ট আইন ২০০৯ এর ৭(২) মোতাবেক প্রত্যেককে ৩ দিনের বিনাশ্রম কারাদন্ড প্রদান করা হয়েছে।

উল্লেখ্য, মেহেরপুর পল্লী বিদ্যুত সমিতির আওতায় বিদ্যুতের মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (এমআরসিএম) ৭০ টি পদের বিপরিতে নিয়োগ পরিক্ষায় প্রায় সাড়ে ৬ হাজার আবেদনকারী অংশ নেন। এর মধ্যে অন্যের হয়ে অসৎ উপায়ে প্রক্সি দিতে এসেছিলেন দন্ডিতরা। গতকাল শুক্রবার সকালে মেহেরপুর সরকারি বালক বিদ্যালয়ে কঠোর নিরাপত্তার মধ্য দিয়ে পল্লী বিদ্যুতের এই নিয়োগ পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুরে শিক্ষার্থীদের মাঝে

স্কুল ব্যাগ ও ড্রেস বিতরণ

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর পিইডিপি-৪ কম্পোনেন্ট ২.৫ প্রকল্পের অধীনে “আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন প্রোগ্রাম” এর আওতায় ২০২৪-২০২৫ অর্থবছরে মেহেরপুরে শিক্ষার্থীদের
নতুন স্কুল ব্যাগ ও স্কুল ড্রেস বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার (৯ জানুয়ারি) “তরুণ্যের উৎসব-২০২৫” ব্যানারে মেহেরপুর জেলার তিনটি উপজেলায় ২১০টি উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ে এই বিতরণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।
প্রকল্প বাস্তবায়নকারী সংস্থা মানব উন্নয়ন কেন্দ্র (মউক)-এর মাধ্যমে ৪,৭৩৫ জন শিক্ষার্থীর মাঝে নতুন ব্যাগ ও স্কুল ড্রেস তুলে দেওয়া হয়।

মেহেরপুর সদর উপজেলায় আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলার নির্বাহী কর্মকর্তা মোঃ খায়রুল ইসলাম। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রকল্পের জেলা ম্যানেজার সাদ আহম্মেদ, উপজেলা ম্যানেজার মোছাঃ শিরিনা আক্তারসহ অন্যান্য কর্মকর্তারা। শিক্ষার্থীদের হাতে নতুন ব্যাগ ও ড্রেস তুলে দেওয়ার সময় শিশুরা আনন্দে উচ্ছ্বসিত হয়ে পড়ে।

মুজিবনগর উপজেলায় এই কার্যক্রমের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলার নির্বাহী কর্মকর্তা পলাশ মন্ডল। এ সময় প্রকল্পের উপজেলা ম্যানেজার আব্দুল করিমসহ অন্যান্য কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

গাংনী উপজেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে শিক্ষার্থীদের মাঝে নতুন ব্যাগ ও স্কুল ড্রেস বিতরণ করেন গাংনী উপজেলার নির্বাহী কর্মকর্তা প্রীতম সাহা। এ সময় প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন এবং শিক্ষার্থীদের মধ্যে এই উপহার বিতরণের মাধ্যমে উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হয়।

মেহেরপুরে জেলা বিএনপি’র পথসভা ও লিফলেট বিতরণ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা সাধারণ মানুষের সামনে তুলে ধরতে পথসভা ও লিফলেট বিতরণ করেছে মেহেরপুর জেলা বিএনপি।

বৃহস্পতিবার (৯ জানুয়ারি) বিকেল ৪টার দিকে মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নে এ পথসভা ও লিফলেট বিতরণ করেন তারা। পথসভার নেতৃত্ব দেন জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান ও যুগ্ম আহ্বায়ক ফয়েজ মোহাম্মাদ।

এসময় জেলা বিএনপির সাবেক সিনিয়ার সহ-সভাপতি ইলিয়াস হোসেন, সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, আনছা-উল -হক, হাফিজুর রহমান হাফি, সাবেক আইন বিষয়ক সম্পাদক ও পাবলিক প্রসিকিউটর আবু সালেহ মোহাম্মদ নাসিম, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, সহ সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, সাবেক পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুল হক লাভলু, জেলা জেলা ছাত্রদলের সাবেক সিনিয়র সহ-সভাপতি অ্যাডভোকেট মীর আলমগীর ইকবাল (আলম), জেলা যুবদলের আইন বিষয়ক সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা ছাত্রদলের সাবেক সহ-সভাপতি ফিরোজুর রহমান, জেলা যুবদলের সাংস্কৃতিক সম্পাদক আসাদুজ্জামান জনি, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, জেলা জিয়া মঞ্চে আহবায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম, সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ, ইসমাইল শাহ, দবির, জনিসহ বিএনপির স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

এসময় নেতারা সাধারণ মানুষের মাঝে লিফলেট বিতরণ করে তাদের সমর্থন কামনা করেন।

মেহেরপুরের আমঝুপির এ আর বি কলেজে তারুণ্যের উৎসব

“এসো দেশ বদলাই, পৃথিবীকে বদলাই” স্লোগানকে ধারণ করে মেহেরপুরের আমঝুপির এ আর বি ডিগ্রি কলেজে তারুণ্যের উৎসব অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার (৯ জানুয়ারি) সকাল ১১টায় কলেজের শিক্ষক মিলনায়তনে আয়োজিত এ উৎসব শিক্ষার্থী ও অতিথিদের মিলনমেলায় পরিণত হয়। কলেজের অধ্যক্ষ মো. আনোয়ারুল জামানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. শেখ বখতিয়ার উদ্দীন।

দারুস সালাম হীরকের পরিচালনায় বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম নজরুল কবীর এবং মেহেরপুর সরকারি মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ আব্দুল্লাহ আল আমিন।

উৎসবে বক্তব্য রাখেন কলেজের গভর্নিং বডির সভাপতি মো. মারুফ আহমেদ বিজন ও সদস্য মো. জাব্বারুল ইসলাম। এছাড়াও এসময় কলেজের শিক্ষক মাহফুজা হোসেন ফারাজী কল্যাণী, মো. হাবিবুর রহমান,মো. হাসনাত জামানসহ শিক্ষক শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

মুজিবনগরে ইসলামী ব্যাংকের ভল্ট ভেঙে টাকা চুরি

মেহেরপুরের মুজিবনগর উপজেলার দারিয়াপুর বাজারে অবস্থিত ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেডের এজেন্ট শাখায় দুর্ধর্ষ চুরির ঘটনা ঘটেছে।

বুধবার (৮ জানুয়ারি) রাতের কোনো এক সময় চোর চক্র ব্যাংকের পিছনের জানালার গ্রিল কেটে ভেতরে প্রবেশ করে। এরপর ভোল্টের তালা ভেঙে সিন্দুক ভেঙে ৬ লক্ষ ৩৩ হাজার টাকা চুরি করে পালিয়ে যায়।

এজেন্ট ব্যাংকের ম্যানেজার আব্দুল গাফফার জানান, বৃহস্পতিবার সকালে ব্যাংকের পিয়ন হাসিবুল প্রথমে চুরির বিষয়টি লক্ষ্য করেন এবং আমাকে ফোন করে বিষয়টি জানান। আমি দ্রুত ব্যাংকে এসে দেখতে পাই জানালার গ্রিল কাটা, ভোল্টের তালা ভাঙা এবং সিন্দুক ভাঙা অবস্থায় রয়েছে। বুধবার দিনের হিসাব শেষে ব্যাংকে ৬ লক্ষ ৩৩ হাজার টাকার বেশি জমা রাখা হয়েছিল, যা চোরেরা চুরি করে নিয়ে গেছে।

চুরির খবর পাওয়ার পর মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান পুলিশ বাহিনী নিয়ে ঘটনাস্থলে আসেন। প্রাথমিক তদন্তে জানালার গ্রিল এবং ভোল্টের তালা ভাঙার প্রমাণ পাওয়া যায়।

এ বিষয়ে মেহেরপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার জামিনুর ইসলাম খান, সদর সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার আবদুল করিম এবং জেলা গোয়েন্দা শাখার ওসি গোপাল চন্দ্র ঘটনাস্থল পরিদর্শন করেন।

ওসি মিজানুর রহমান জানান, চুরির ঘটনাটি উদঘাটনের জন্য তদন্ত অব্যাহত রয়েছে। সন্দেহভাজন হিসেবে চারজনকে মুজিবনগর থানায় নিয়ে জিজ্ঞাসাবাদ করা হয়েছে।

৩ ঘন্টার ব্যবধানে সড়ক দুর্ঘটনায় আরও একজন নিহত

মেহেরপুর-কুষ্টিয়া সড়কের ওলিনগর নামক স্থানে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে শিপন আলী(১৭) নামের এক কিশোর নিহত হয়েছে। এসময় আহত হয়েছে তার খালাতো ভাই খোকন (২৩)।

আজ বুধবার (৮ জানুয়ারি) সন্ধ্যা গাংনী উপজেলার ওলিনগর নামক স্থানে সাড়ে ৬ টার দিকে এই ঘটনা ঘটে। নিহত শিপন আলী গাংনী উপজেলার চিৎলা গ্রামের হাফিজুল ইসলামের ছেলে।

স্থানীয়দের বরাত দিয়ে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল জানান, নিহত শিপন আলী ও তার খালাতো ভাই খোকন মোটরসাইকেল যোগে গাংনী থেকে বামন্দির দিকে যাচ্ছিলেন। পথিমধ্যে ওলিনগর নামক স্থানে পৌঁছুলে দ্রুতগামী একটি সবজি বোঝায় ট্রাককে ওভারটেক করার সময় নিয়ন্ত্রণ হারিয়ে ছিটকে পড়ে সামনের দিক থেকে আসা অপর একটি ট্রাকের চাকার নিচে পিষ্ট হয়ে ঘটনাস্থলেই মারা যায় সে। এসময় গুরতর আহত হন আহত খোকন।
স্থানীয়রা আহত খোকনকে উদ্ধার করে বামন্দীর একটি ক্লিনিকে ভর্তি করেন। সেখানেই তাকে চিকিৎসা দেওয়া হচ্ছে।

অপরদিকে, মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাংনী পৌর এলাকার পল্লী বিদ্যুতের সামনে রাস্তার নির্মাণাধীন পানি দেয়ার ট্রাকের চাকায় স্পৃষ্ট হয়ে গাংনী উপজেলা পরিষদের সাবেক ভাইসচেয়ারম্যান ও জামায়াত নেতা মোস্তাফিজুর রহমান সংগ্রাম গুরুতর আহত হয়েছেন। আহতাবস্থায় তাকে উদ্ধার করে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

জানা হেছে, মোস্তাফিজুর রহমান রাস্তার উপর কয়েকটি ছাগল দেখে রাস্তার উপর মোটরসাইকেল নিয়ে দাঁগিয়ে ছিল। এসময় পানি ছিটানো ট্রাক পেছন দিকে যাওয়ার সময় তাকে রাস্তার ডিভাইডারের সাথে ১০/২০ গজ নিয়ে যায়। এতে তার ডান হাতের তিনটি আঙ্গুল ও বাম পায়ের সমস্ত মাংস খসে পড়ে।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) বানী ইসরাইল আরও জানান, ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। অভিভাবকদের অভিযোগের ভিত্তিতে পরর্বতীতে আইনানুগ ব্যাবস্থা গ্রহন করা হবে।

এর আগে, বিকাল সাড়ে ৩টার দিকে মেহেরপুর-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের গাংনী উপজেলার আকুবপুর গ্রামে
মোটরসাইকেল-লোকাল বাসের মুখোমুখি সংঘর্ষে দুই শিক্ষার্থী নিহত হয়েছে। নিহতরা হলেন, গাংনী উপজেলার পীরতলা গ্রামের সৌদি প্রবাসী আলেক হোসেনের ছেলে সিয়াম হোসেন (১৮) ও একই গ্রামের আরেক সৌদি প্রবাসী সোহরাব হোসেন ওরফে সেন্টুর ছেলে আব্দুল্লাহেল বাকী (১৮)। নিহত দুজনেই কুষ্টিয়া ইসলামিয়া কলেজের একাদশ শ্রেনীর ছাত্র।

মুজিবনগরে শীতার্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের আহব্বানে মুজিবনগরে শীতার্থ মানুষের মাঝে শীতবস্ত্র বিতরণ করেছে মেহেরপুর জেলা ছাত্রদল।

গতকাল বুধবার বিকেলে মুজিবনগর উপজেলার দারিয়াপুরে জেলা ছাত্রদলের উদ্যোগে এ শীতবস্ত্র বিতরণ করা হয়। জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজিরের সভাপতিত্বে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে সদর উপজেলা বিএনপি’র সভাপতি এ্যাড: মারুফ আহমেদ বিজন প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে শীতবস্ত্র বিতরণ করেন।

এ সময় মুজিবনগর উপজেলা যুবদলের আহবায়ক আবুল হাসান, জেলা ছাত্রদলের সিনিয়র যুগ্ম সাধারন সম্পাদক রাশেদুল ইসলাম রাজন, জেলা ছাত্রদলের প্রচার সম্পাদক রাব্বি, মুজিবনগর উপজেলা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক মিলন, রাহুল, জেলা ছাত্রদলের সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক মিঠুন, দারিয়াপুর ইউনিয়ন ছাত্রদলের সভাপতি সুমন আহম্মেদ, বাগোয়ান ইউনিয়ন ছাত্রদলের যুগ্ম সম্পাদক রিয়াজসহ জেলা নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

এসময় দারিয়াপুর ইউনিয়নের শীতার্থ মানুষের মাঝে ৩০০ পিস কম্বল বিতরণ করা হয়।

মেহেরপুরে জেলা বিএনপি’র লিফলেট বিতরণ

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান কর্তৃক উপস্থাপিত

রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফা সাধারণ মানুষের সামনে তুলে ধরতে ও লিফলেট বিতরণ করেছে মেহেরপুর জেলা বিএনপির।

জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে বুধবার (৮ জানুয়ারি) বিকেলে চারটার দিকে শহরের ৩ ও ৪ নং ওয়ার্ডে লিফলেট বিতরণ করেন তারা।

এ সময় জেলা বিএনপির সাবেক সহ-সভাপতি আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, জেলা বিএনপি সাবেক আইন বিষয়ক সম্পাদক ও পাবলিক প্রসিকিউটর আবু সালেহ মোহাম্মদ নাসিম, সাবেক সাংগঠনিক সম্পাদক রুমানা আহমেদ, সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমল হোসেন মিন্টু, জেলা যুবদলের সাংগঠনিক সম্পাদক আসাদুল হক, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা জিয়া মঞ্চের আহবায়ক অ্যাডভোকেট নজরুল ইসলাম, সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ, দবিরসহ বিএনপির স্থানীয় নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পৌর বিএনপি’র মিছিল,পথসভা ও লিফলেট বিতরণ

“জনগণের সঙ্গে থাকুন, জনগণকে সঙ্গে রাখুন” বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের এই স্লোগানকে সামনে রেখে মেহেরপুরে মিছিল,পথসভা ও লিফলেট বিতরণ করেছে পৌর বিএনপি।

বুধবার (৮ জানুয়ারি) বিকাল সাড়ে চারটার দিকে কেন্দ্রীয় বিএনপি’র নির্বাহী সদস্য ও সাবেক সংসদ সদস্য মাসুদ অরুনের নির্দেশে জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ও পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাসের নেতৃত্বে শহরের কাথুলী বাস স্ট্যান্ডের সামনে থেকে একটি মিছিল বের হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পুরাতন বাস টার্মিনালে গিয়ে শেষ হয়। সেখানে অনুষ্ঠিত পথসভায় বক্তব্য রাখেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক ও পৌর বিএনপি’র

সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

তিনি বক্তেব্য বলেন, এখন হাইব্রিডদের মাথা গজিয়েছে। যারা দীর্ঘ ১৭ বছর রাজপথে লড়াই সংগ্রামে অংশ নেয়নি তারা আজকে নকল সোনা সেজেছে। অরজিনাল সোনা আজকে তাদের কোন মূল্যায়ন নেই। হাই হাইব্রিড পাতি নেতাদের কারণে আজ দেশে আওয়ামী লীগের দুষ্কৃতি কর্মীরা মাথাচাড়া দিয়ে উঠেছে।
তিনি আরো বলেন, এখন তাদের এমন ভাব হয়েছে যেন সরকার ক্ষমতায় এসেছে। আমরা বিরোধী দলে ছিলাম, এখনো বিরোধী দলে আছি। ক্ষমতার মালিক জনগণ, ক্ষমতার বড়াই দেখাবেন না। এই ক্ষমতা আর জনগণ পছন্দ করেনা।

পথসভা শেষে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের রাষ্ট্র কাঠামো মেরামতের ৩১ দফার লিফলেট বিতরণ করা হয়। এসময় পৌর বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক আনারুল ইসলাম কালু, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা শ্রমিকদলের সভাপতি আহসান হাবীব সোনা, সহ-সভাপতি হাজী ফজলু খান, হাবিব ইকবাল, আব্দুস সামাদ, সাবেক সাংগঠনিক সম্পাদক কামরুজ্জামান বাবু, জেলা কৃষক দলের আহবায়ক মাহবুবুর রহমান, জেলা স্বেচ্ছাসেবক দলের সাংগঠনিক সম্পাদক আহমেদ রাজিব খান, ছাত্রদলের সাবেক সাংগঠনিক সম্পাদক আবু হাসনাত আফরোজ সহ মেহেরপুর জেলা যুবদল,স্বেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।